

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 (ক্রীড়া-২ শাখা)  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

স্মারক নং-৩৪.০২.০২০০.০৮০.০৭.০০২.১২- ২৪২

তারিখ: ০৯ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ  
 ২৪ জুলাই, ২০১৬ খ্রিষ্টাব্দ


ক্রীড়া পরিদপ্তরের ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা, ২০১৬।

ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর স্বচ্ছ ও সুস্থ বন্টনের স্বার্থে এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা, ২০১০ সংশোধন পূর্বক ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা, ২০১৬ প্রণয়ন করা হলো :-

ক্রীড়া সামগ্রী বিতরণের হার

০১।	মাননীয় সংসদ সদস্যগণের মাধ্যমে	৬৫%
০২।	ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে	২০%
০৩।	জেলা ক্রীড়া অফিসারদের মাধ্যমে কর্মসূচী বাস্তবায়নের জন্য	১৫%
		১০০%

- (২) মাননীয় সংসদ সদস্যগণের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান এবং ক্রীড়া ক্লাবে বিতরণের জন্য যে সব ক্রীড়া সামগ্রী প্রদান করা হবে তা মাননীয় সংসদ সদস্যগণ ক্রীড়া সামগ্রী গ্রহণের সময়ে বা পূর্বে যে যে প্রতিষ্ঠান/ক্লাবে তা বিতরণ করবেন তার একটি তালিকা ক্রীড়া পরিদপ্তরের পরিচালক বরাবরে জমাদানপূর্বক নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে ক্রীড়া সামগ্রী গ্রহণ করতে পারবেন। তবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর মাননীয় সংসদ সদস্য কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (৩) ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে ক্রীড়া সামগ্রী বিতরণের ক্ষেত্রে, ক্রীড়া পরিদপ্তরের গঠিত এতদসংক্রান্ত কমিটির মাধ্যমে সরকার কর্তৃক স্বীকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব, বিভিন্ন ক্রীড়া প্রতিষ্ঠান ও সংগঠনের আবেদনপত্র বিবেচনা করা হবে।
- (৪) ক্রীড়া সামগ্রী বরাদ্দপূর্বক যে প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দপত্র প্রেরণ করা হবে তার অনুলিপি সংশ্লিষ্ট জেলা ক্রীড়া অফিসারের বরাবরে প্রেরিত হবে। জেলা ক্রীড়া অফিসার উক্ত ক্রীড়া সামগ্রী যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে কি না, তা যাচাই করে দেখবেন এবং এ ব্যাপারে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্রীড়া পরিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- (৫) মাননীয় সংসদ সদস্যগণ তাঁদের অনুকূলে বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রী গ্রহণকালে প্রদত্ত তালিকায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া ক্লাব/সমিতির নাম উল্লেখ থাকবে, ঐ বছর ঐ সকল প্রতিষ্ঠানের অনুকূলে ক্রীড়া পরিদপ্তর হতে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হবে না।
- (৬) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সচিব কোন প্রতিষ্ঠান/ক্লাবকে সুনির্দিষ্ট ভাবে যে সকল ক্রীড়া সামগ্রী প্রদানের নির্দেশ প্রদান করবেন উক্ত ক্রীড়া সামগ্রী পরিদপ্তরে কমিটির কোন সভা ছাড়াই মজুদ সাপেক্ষে সরাসরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বরাবরে বরাদ্দ প্রদান করা যাবে।
- (৭) জেলা ক্রীড়া কর্মকর্তাগণ কর্তৃক বার্ষিক ক্রীড়া কর্মসূচী বাস্তবায়নকালে সকল জেলা ক্রীড়া অফিসার বরাবরে সমান ভাবে বরাদ্দ প্রদান করা হবে। জেলা ক্রীড়া কর্মকর্তাগণ উক্ত ক্রীড়া সামগ্রী বার্ষিক ক্রীড়া কর্মসূচী বাস্তবায়নকালে এবং বাস্তবায়নের পর তাঁর নিজ জেলায় প্রয়োজন সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে বিতরণ করতে পারবেন। যে সব প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে তার একটি পূর্ণাঙ্গ হিসাব অর্থ বছর শেষে জুলাই মাসের প্রথম সপ্তাহে জেলা ক্রীড়া অফিসারগণ ক্রীড়া পরিদপ্তরে প্রেরণ করবেন।

  
 ২৪/০৭/১৬

সরদার মোঃ শোরের  
 উপসচিব (পরিদপ্তর) নং# ৭৫২৮।  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়